

বঙ্গমাতা বিজ্ঞান ও প্রযুক্তিতে উপাচার্য নিয়োগ দাবি

সংবাদ : জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ

| ঢাকা, বুধবার, ০৯ মে ২০১৮

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের দাবিতে সংবাদ সম্মেলন করেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গত সোমবার দুপুরে ময়মনসিংহ প্রেসক্লাব মিলনায়তনে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

জামালপুর জেলার মেলান্দহ উপজেলায় ২০০০ সালে প্রতিষ্ঠিত হয় শেখ ফজিলাতুন্নেসা মুজিব ফিশারিজ কলেজ। কলেজটি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হিসেবে ‘বিএসসি’ ফিশারিজ অনার্স কলেজ হিসেবে শিক্ষা কার্যক্রম চলে আসছিল। ২০১৬ সালে শিক্ষার্থীদের আন্দোলনের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কলেজটিকে ‘বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়’ নামে বিশেষায়িত পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের ঘোষণা দেন। পরবর্তীতে জাতীয় সংসদে ‘বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়’ বিল-২০১৭ বিল উত্থাপনের মাধ্যমে সর্বসম্মতিক্রমে বিলটি পাস হয়। কিন্তু এখন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ না

হওয়ায় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম স্থাবর হয়ে আছে। এতে বিশ্ববিদ্যালয়ের আওতাধীন ভর্তিকৃত প্রথম ও দ্বিতীয় বর্ষে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমও ব্যাহত হচ্ছে। তাদের এখনো সেমিস্টার পরীক্ষায় অংশ গ্রহণ করতে ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে আসতে হয়। এসব কারণে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে ক্লাস পরীক্ষা বর্জন করে উপাচার্য নিয়োগের জন্যে আন্দোলন করে আসছে। সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা অভিযোগ করেন, আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে এবং তাদের শান্তিপূর্ণ আন্দোলনে কলেজ কর্তৃপক্ষ ও স্থানীয় প্রশাসনের মাধ্যমে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করে শিক্ষার্থীদের হল থেকে বের করে দেন। এখন তারা বাধ্য হয়ে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণের জন্য ময়মনসিংহে এসে এই সংবাদ সম্মেলনের আয়োজন করেন।